রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারি ১৯, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৬ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ/ ১৯ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১৮-আইন/২০১৭/০১/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত Act এর Third Schedule এর paragraph 8 এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন, প্রয়োগ ও মেয়াদ।**—(১) এই বিধিমালা ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসরের জন্য কার্যকর থাকিবে।

(৪) এই বিধিমালা চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চট্টগ্রাম জেলায় অবস্থিত আইসিডি বা অফডকে পরিবহনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);


**মূল্য :** টাকা ১২.০০

(খ) **“ইলেকট্রনিক সীল” বা “সীল”** অর্থ অবৈধভাবে ঘষা-মাজা বা পরিবর্তন (Tampering বা Manipulation) প্রতিরোধ-সক্ষমতা সম্পন্ন আধুনিক প্রযুক্তির উচ্চ ক্ষমতাসম্পন্ন রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসেস (আরএফআইডি) সম্পন্ন সীল যাহা বাহ্যিক গড়নে লক সংযুক্ত হওয়ায় পণ্যের কন্টেইনারের নিরাপত্তা নিশ্চিত করে;

(গ) **“কাস্টমস কর্মকর্তা”** অর্থ আইন দ্বারা অথবা আইনের অধীন দায়িত্ব পালনের জন্য ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) **''পরিশিষ্ট''** অর্থ এই বিধিমালার পরিশিষ্ট;

(ঙ) **“বোর্ড”** অর্থ আইনের section 2 এর clause (e) তে সংজ্ঞায়িত বোর্ড;

(চ) **“লক”** অর্থ কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক, কার্গো ভেসেলের হ্যাচ বা রেল ওয়াগনে ব্যবহার উপযোগী লক যাহা রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসেস (আরএফআইডি) ভিত্তিক সীল সংযুক্ত এবং চাবি দ্বারা খোলা ও বন্ধ করা হয়;

(ছ) **“সেবা”** অর্থ বিধি ৯ অনুযায়ী নির্ধারিত ফিস এর বিনিময়ে কন্টেইনারে ইলেকট্রনিক সীল ও লককরণ, সীলের অখণ্ডতা যাচাই ও লক খোলা;

(জ) **“সেবা গ্রহণকারী”** অর্থ আমদানিকারক বা রপ্তানিকারক; এবং

(ঝ) **“সেবা প্রদানকারী”** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বিধি ৩ এর অধীন তালিকাভুক্ত সেবা প্রদানকারী কোন প্রতিষ্ঠান।

৩। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন ও তালিকাভুক্তির পদ্ধতি**।—(১) এই বিধিমালার অধীন সীল ও লক সেবা প্রদানের জন্য বোর্ড সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করিতে পারিবে এবং তালিকাভুক্ত প্রতিষ্ঠান Build Own Operate (BOO) ভিত্তিক পরিচালিত হইবে।

(২) আবেদনকারীকে তালিকাভুক্তির উদ্দেশ্যে বোর্ডের নিকট **‘পরিশিষ্ট-ক’** অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) প্রাপ্ত আবেদন পরীক্ষা ও যাচাইয়ের লক্ষ্যে নিম্নরূপে কমিটি গঠিত হইবে, যথাঃ—

| কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|
| সদস্য (কাস্টমস নীতি) | আহবায়ক |
| প্রথম সচিব (কাস্টমস নীতি) | সদস্য |
| প্রথম সচিব (কাস্টমস আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি) | সদস্য |
| প্রথম সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড) | সদস্য |
| অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম | সদস্য |
| দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) | সদস্য সচিব। |

(৪) কমিটি আবেদন প্রাপ্তির **১৫** (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন যাচাই-বাছাইক্রমে সঠিক পাইলে তালিকাভুক্তির সুপারিশসহ একটি প্রতিবেদন চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে দাখিল করিবেন।

(৫) চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের পর **'পরিশিষ্ট-খ'** অনুযায়ী আবেদনকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হইবে এবং তালিকাভুক্তির বিষয়টি আবেদনকারীকে লিখিতভাবে জানানো হইবে।

(৬) ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী হিসেবে ইতোপূর্বে বোর্ডের অনুমতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানকে এই বিধিমালার অধীনে পুনঃআবেদন ব্যতিরেকে সেবা প্রদানকারী হিসাবে সরাসরি তালিকাভুক্ত করা যাইবে।

৪। **সেবার পদ্ধতি**।—(১) সেবা গ্রহণকারী সেবা গ্রহণের উদ্দেশ্যে বিধি ৯ এ নির্ধারিত হারে সেবার ফিস পরিশোধ করিবে।

(২) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সেবা গ্রহণকারী বা তদকর্তৃক নিয়োজিত প্রতিনিধি এবং কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক সীল ও লক করিবে এবং গন্তব্যে পৌঁছাইবার পর কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের সীলের অখণ্ডতা যাচাইক্রমে লকের নাম্বার মিলাইয়া সীল ও লক খুলিবে।

(৩) যে সকল পণ্য চট্টগ্রাম বন্দর হইতে আইসিডি বা অফডকে স্থানান্তর অথবা আইসিডি বা অফডক হইতে চট্টগ্রাম বন্দরে স্থানান্তর করা হইবে সে সকল পণ্যচালান সম্পর্কে সেবা গ্রহণকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে পূর্বেই লিখিতভাবে অবহিত করিবে।

(৪) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করিতে ব্যর্থ হইলে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক, কাস্টমস কর্মকর্তার অনুমোদনক্রমে সীল ও লক ব্যতীত পণ্য চট্টগ্রাম বন্দর হইতে আইসিডি বা অফডকে অথবা আইসিডি বা অফডক হইতে চট্টগ্রাম বন্দরে অপসারণ, খালাস বা বোঝাই করা যাইবে।

৫। **সেবা প্রদানকারীর দায়িত্ব**।—এই বিধিমালায় বর্ণিত সেবা প্রদানের লক্ষ্যে সেবা প্রদানকারী নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথাঃ—

(ক) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান উহার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর, আয়কর, অগ্রিম আয়কর, শুল্ক, চার্জ ও ফি ইত্যাদি যথাসময়ে পরিশোধ করিবে;

(খ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান চুক্তিতে নির্ধারিত সময়ের মধ্যে কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক সীল ও লক করিতে ব্যর্থ হইলে উক্ত বিলম্বজনিত সময়ের জন্য বন্দর মাসুল, যদি থাকে, বন্দর কর্তৃপক্ষকে পরিশোধ করিবে;

(গ) ইলেকট্রনিক সীল ও লক অবস্থায় পণ্য স্থানান্তরকালে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য পণ্য পথিমধ্যে চুরি হইলে, হারাইয়া গেলে বা অন্যবিধভাবে ক্ষতিগ্রস্ত হইলে এবং উপযুক্ত তদন্তে সেবাপ্রদানকারীর ব্যর্থতায় বা অবহেলায় ঘটনা সংঘটিত হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান দায়-দায়িত্ব বহন করিবে;

(ঘ) সেবা গ্রহণকারী তাহার কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের পণ্যের অবস্থান সম্পর্কে অবগত হইতে চাহিলে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বিনামূল্যে উক্ত তথ্য ডিজিটাল পদ্ধতিতে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঙ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য সীল ও লক অবস্থায় পরিবহনকালে উহার প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করিবে;

(চ) পণ্য পরিবহনে কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকসমূহে ট্র্যাকিং করার সুবিধার্থে GPS বা GPRS ডিভাইজ স্থাপন করিবে;

(ছ) কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকসমূহকে ইলেকট্রনিক সীল ও লক করা, সীলের অখণ্ডতা ও সঠিকতা যাচাই এবং উহা খোলার সুবিধার্থে আইসিডি বা অফডক বা চট্টগ্রাম বন্দরে কিংবা বন্দর সংলগ্ন এলাকায় অফিস স্থাপন ও প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করিবে; এবং

(জ) সেবা প্রদানকারী প্রয়োজনীয় সংখ্যক ইলেকট্রনিক সীল ও লক, আনুষঙ্গিক প্রয়োজনীয় যন্ত্রপাতি-যন্ত্রাংশ নিজ ব্যয়ে সংগ্রহ করিবে এবং নির্বিঘ্নে সেবা প্রদানের উদ্দেশ্যে নিয়মিত উহা রক্ষণাবেক্ষণ করিবে।

৬। **আইন প্রয়োগকারী সংস্থা বা অন্যান্য কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ।**—এই বিধিমালার অধীন কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক সীল ও লককৃত অবস্থায় পরিবহনের ক্ষেত্রে উহার নিরাপত্তা রক্ষার জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আইন প্রয়োগকারী সংস্থা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি/ অফডক কর্তৃপক্ষসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তার জন্য অনুরোধ করিতে পারিবে এবং এইরূপ অনুরোধ করা হইলে উক্ত সংস্থা/সংস্থাসমূহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

৭। **সেবা গ্রহণকারীর দায়িত্ব।**—এই বিধিমালায় বর্ণিত সেবা গ্রহণের লক্ষ্যে সেবা গ্রহণকারী পণ্য আমদানির পর যে সকল পণ্য চট্টগ্রাম বন্দর হইতে আইসিডি বা অফডকে স্থানান্তর করা হইবে অথবা পণ্য রপ্তানির জন্য আইসিডি বা অফডক হইতে চট্টগ্রাম বন্দরে স্থানান্তর করা হইবে সে সকল পণ্যের চালান সম্পর্কে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে অগ্রিম অবহিত করিতে হইবে এবং সেবা প্রদানকারীর প্রদেয় ফিস যথাসময়ে পরিশোধ করিবে।

৮। **কাস্টমস কর্মকর্তার দায়িত্ব।**—কাস্টমস কর্মকর্তা নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা:—

(ক) আইনের বিধান মোতাবেক স্বশরীরে (Physically) উপস্থিত থাকিয়া আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা, শুল্কায়ন ও খালাসের বিধান করিবে;

(খ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যবাহী কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক এ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক ইলেকট্রনিক সীল ও লক করা, সীলের অখণ্ডতা যাচাই এবং লক খোলার কার্যক্রম তদারকি; এবং

(গ) এই বিধিমালায় বর্ণিত সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে, সময় সময়, সভার আয়োজন এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান।

৯। **সেবার ফিস**।—এই বিধিমালার অধীনে সেবা প্রদানের জন্য সর্বোচ্চ ৪৮ ঘন্টার জন্য প্রতি কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক ৬০০/- (ছয় শত) টাকা এবং ৪৮ ঘন্টার পরবর্তী প্রতি ঘন্টার জন্য ৫০ (পঞ্চাশ) টাকা হারে ফিস প্রদেয় হইবে।

১০। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যর্থতায় জরিমানা**।—(১) সেবা গ্রহণকারী কর্তৃক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যর্থতা বা অনিয়ম সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ আনয়ন করিলে সংশ্লিষ্ট কাস্টমস কমিশনার অতিরিক্ত কমিশনারের নিম্নে নহেন এমন কাস্টমস কর্মকর্তার নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করিবে এবং তদন্ত কমিটি উভয় পক্ষের শুনানী গ্রহণ করিয়া একটি তদন্ত প্রতিবেদন কমিশনারের নিকট দাখিল করিবে এবং কমিশনার উক্ত তদন্ত প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বোর্ডের নিকট প্রেরণ করিবে।

(২) সেবা গ্রহণকারী কর্তৃক আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হইলে বোর্ড নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথাঃ—

(ক) ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানে অহেতুক ও অযৌক্তিক বিলম্ব হইলে—

(অ) কোন আর্থিক ক্ষতি সাধিত না হইলে প্রথমবার সতর্ক করা হইবে, কিন্তু পুনরাবৃত্তির ক্ষেত্রে উক্তরূপ ব্যর্থতার জন্য অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ করা যাইবে; এবং

(আ) কোন আর্থিক ক্ষতি সাধিত হইলে আর্থিক ক্ষতির সমপরিমাণ বা অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা, এই দুই এর মধ্যে যেইটি অধিক, সেই পরিমাণ জরিমানা আরোপ করা যাইবে;

(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ব্যর্থতাজনিত কারণে সীল ও লক ক্ষতিগ্রস্ত হইয়া পণ্যবাহী কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের পণ্য ক্ষতিগ্রস্ত হইলে আর্থিক ক্ষতির সমপরিমাণ বা অনধিক ২০,০০০ (বিশ হাজার) টাকা, এই দুইয়ের মধ্যে যেইটি অধিক, সেই পরিমাণ জরিমানা করা যাইবে; এবং

(গ) সীল ও লক ক্ষতিগ্রস্ত হইয়া পণ্যবাহী কন্টেইনার বা কাভার্ড ভ্যান বা ট্রাকের পণ্য ক্ষতিগ্রস্ত হইবার ঘটনা পৌনঃপুনিকভাবে সংঘটিত হইতে থাকিলে বোর্ড সেবা প্রদানকারীর কার্যক্রম সাময়িক স্থগিত অথবা বন্ধ করিতে পরিবে।

(৩) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধির অধীন কোন বিধান লংঘিত হইলে তদসম্পর্কিত বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধান অনুসৃত হইবে।

১১। **রহিতকরণ**।—ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৬, এতদ্দ্বারা রহিত করা হইল।

**পরিশিষ্ট-ক**

**ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী হিসেবে**

**তালিকাভুক্তির আবেদন**
**(বিধি ৩ (২) দ্রষ্টব্য)**

| |
|---|
| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |

বরাবর,
সদস্য (কাস্টমস: নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মহোদয়,

আমি/আমরা --------------------------------------- ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৭ এর আওতায় উক্ত সেবা প্রদানের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ডে তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন করিতেছি। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:—

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ

২। আবেদনকারী প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীগণের নাম, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতা ঃ

৩। আবেদনকারী প্রতিষ্ঠানের—

(ক) অফিসের ঠিকানা ঃ

(খ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর ঃ

(গ) ভ্যাট নিবন্ধন নম্বর ঃ

(ঘ) একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৪। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি) ঃ

৫। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ঃ

৬। প্রস্তাবিত সেবাটি আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত কিনা? উদ্ভাবিত হলে সেটি পেটেন্টেড কিনা ঃ

৭। ইতোপূর্বে এই সেবা প্রদানের অভিজ্ঞতা রয়েছে কিনা ঃ উত্তর হ্যাঁ হইলে অভিজ্ঞতা সনদ দাখিল করিতে হইবে।

৮। সেবা প্রদানের জন্য নিয়োগকৃত জনবলের তালিকা ঃ

৯। বর্ণিত সেবা প্রদানের জন্য যে সকল যন্ত্রপাতি/যন্ত্রাংশ/উপকরণ ব্যবহার করা হইবে তাহাদের তালিকা ঃ

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৭ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, তালিকাভুক্ত হইলে আমি/আমরা Customs Act, 1969 (Act No. IV of 1969) এবং এই বিধিমালার বিধানাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

**আপনার বিশ্বস্ত,**

তারিখ ঃ

(আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/
স্বত্বাধিকারীর নাম, স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

[নোট ঃ আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যাদি সম্পর্কিত দালিলিক প্রমাণ উপস্থাপন করিতে হইবে এবং আবেদনে কোন প্রকার ঘষামাজা ও কাটাছেঁড়া থাকিতে পারিবে না।]

**পরিশিষ্ট–খ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা।**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর প্রজ্ঞাপন এস, আর, ও নং- -------------------------------, তারিখ------------------ খ্রিঃ এর বিধি ৩ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী নির্ধারিত ছকে প্রাপ্ত আবেদন পরীক্ষা ও যাচাইয়ে সঠিক ও যোগ্য প্রতীয়মান হওয়ায় একই বিধির উপ-বিধি (৫) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড -------------------- ----------(মূসক নিবন্ধন নম্বর----------) কে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চট্টগ্রাম জেলায় অবস্থিত আইসিডি বা অফডকে পরিবহণের ক্ষেত্রে ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী হিসেবে তালিকাভুক্ত করিল।

উল্লিখিত প্রতিষ্ঠানের তালিকাভুক্তির নম্বর ঃ -----------, তারিখ---------- এবং এর মেয়াদ - ----------- তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

তারিখ ঃ -----------।

**সদস্য (কাস্টমস নীতি)**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।**

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd